

(6)

ত্রিপুরা সরকার
সংখ্যালঘু কল্যাণ দপ্তর
আগরতলা, পশ্চিম ত্রিপুরা

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ছাত্র/ছাত্রীদের জানানো যাইতেছে যে রাজ্য সরকারের ঘোষিত নতুন প্রকল্প অনুযায়ী ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী আর্থিকভাবে দুর্বল এবং মেধাবী সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন পেশাগত পাঠ্যক্রমে পড়াশুনা করার জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হবে।

- ১) আবেদনকারীকে সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত {মুসলিম, বৌদ্ধ (অ-উপজাতি), খ্রীষ্টান (অ-উপজাতি), শিখ, জৈন } হতে হবে।
- ২) আবেদনকারীকে অবশ্যই ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ নম্বরসহ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরিক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৩) যে সকল ছাত্র/ছাত্রী কমপক্ষে ২ (দুই) বছরের পাঠ্যক্রমের এবং তার অধিক পাঠ্যক্রমের জন্য সরকার অনুমোদিত রাজ্যের এবং রাজ্যের বাইরের যেকোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে এবং মাধ্যমিকোত্তর বৃত্তির জন্য নাম নথিভুক্ত করেছে এবং **State level verification** এর পর যোগ্য বলে বিবেচিত হবে কেবলমাত্র সেই সকল ছাত্র/ছাত্রীরাই এই সহায়তার জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে।
- ৪) আবেদনকারীর পারিবারিক বাৎসরিক আয় ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে হতে হবে।
- ৫) দপ্তর কর্তৃক নির্ধারিত মোট আসন সংখ্যার ৮০ (আশি) শতাংশ ছাত্র/ছাত্রী নেওয়া হবে ত্রিপুরা মাধ্যমিক শিক্ষা পর্ষদ থেকে পাশ করা এবং ২০(কুড়ি) শতাংশ নেওয়া হবে **CBSE/ICSE Board** থেকে পাশ করা ছাত্রছাত্রীদের মধ্য থেকে।
- ৬) এককালীন সহায়তার মোট ১,০০,০০০ (এক লক্ষ) টাকা দুই কিস্তির মাধ্যমে দেওয়া হবে। প্রথম কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা দেওয়া হবে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার পর এবং দ্বিতীয় কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা দেওয়া হবে নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রথম বর্ষের উত্তীর্ণের প্রমানপত্র দাখিলের পর।
- ৭) উক্ত এককালীন সহায়তা মঞ্জুরের ক্ষেত্রে ভারত সরকার কর্তৃক প্রচলিত মাধ্যমিকোত্তর বৃত্তি পাওয়ার যোগ্য প্রার্থীদের কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হবেনা।
- ৮) সংখ্যালঘু কল্যাণ দপ্তর বাৎসরিক বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে এককালীন সহায়তা প্রদানের মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা এবং পাঠ্যক্রম (course) নির্ধারণ করা হবে।
- ৯) **Course wise physical target-** অনুযায়ী মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- ১০) ছাত্রছাত্রীদের সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার শিক্ষা প্রতিষ্ঠানের স্বচ্ছতা যাচাইয়ের জন্য ত্রিপুরা সরকারের উচ্চশিক্ষা দপ্তরের পরামর্শ নেওয়া যেতে পারে।
- ১১) যোগ্য ছাত্রছাত্রীদের মাধ্যমিকোত্তর বৃত্তির পাশাপাশি উক্ত প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য সাদা কাগজে সংখ্যালঘু কল্যাণ দপ্তরে দরখাস্ত করিতে হবে।
- ১২) উপরিউক্ত বিজ্ঞপ্তি মূলে যে সমস্ত নির্দিষ্ট পেশাগত পাঠ্যক্রমের জন্য ২০২০-২১ শিক্ষা বর্ষে সহায়তা প্রদান করা হবে এবং দরখাস্ত জমা দেওয়ার তারিখ পরবর্তী বিজ্ঞপ্তিতে জানানো হবে।

বিস্তারিত বিবরণের জন্য সংখ্যালঘু কল্যাণ দপ্তর, পুরাতন সেক্রেটারিয়েট কমপ্লেক্স, আগরতলা, পশ্চিম ত্রিপুরায় যোগাযোগ করা যেতে পারে। দূরভাষ: ০৩৮ ১-২৩২৮২৩২

(সন্তোষ দাস)
অধিকর্তা
সংখ্যালঘু কল্যাণ দপ্তর
ত্রিপুরা সরকার